



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



## ইনোভেশন আইডিয়া- ১: পুরাতন টেবুলেশন আর্কাইভিং

**বর্তমান অবস্থা:** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের জন্মলগ্ন থেকে ১৯৯৮ সাল পর্যন্ত শিক্ষার্থীদের দাখিল, আলিম, ফায়িল, কামিল ফলাফলের যেসব টেবুলেশন সীট আছে, সেগুলো বই আকারে বিদ্যমান আছে যা একটি সংরক্ষণাগারে সংরক্ষিত আছে। বই আকারে থাকার কারণে কারো ফলাফল যাচাই করা অনেক সময় সাপেক্ষ ব্যাপার এবং বই গুলো সময়ের সাথে সাথে অনেকটাই নষ্ট হবার পথে। যা জরুরীভাবে সংরক্ষণ করা প্রয়োজন।

**প্রস্তাবিত পদ্ধতি:** বিদ্যমান টেবুলেশন বই সমূহ স্ক্যানিং এর মাধ্যমে ডিজিটাল ফরম্যাটে সংরক্ষণ করা হবে। একটি সফটওয়্যারের মাধ্যমে ফলাফল যাচাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

### সুবিধাসমূহ:

- অতিদ্রুত সনদ/ফলাফল যাচাই প্রক্রিয়া সম্পন্ন করা যাবে।
- ডিজিটাল প্রক্রিয়ায় সংরক্ষণ করার ফলে নষ্ট হবার বা হারাবার সুযোগ নেই।
- ফলাফল যাচাই প্রক্রিয়ায় জনবল কম প্রয়োজন হবে।



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



ইনোভেশন আইডিয়া- ২: ই-উত্তরপত্র গ্রহন।

**বর্তমান অবস্থা:** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত সকল পরীক্ষায় উত্তরপত্র সমূহ সরাসরি / ডাকযোগে বোর্ডে প্রেরণ করা হয়। উত্তরপত্র সমূহের যাবতীয় তথ্য সংরক্ষণের জন্য অধিক জনবল ও সময়ের প্রয়োজন হয়। উত্তরপত্র সমূহ মূল্যায়নের লক্ষ্যে বিতরণের প্রয়োজনে উত্তরপত্রসমূহের সামগ্রিক পরিসংখ্যান জানা প্রয়োজন; যা বিদ্যমান পদ্ধতিতে কষ্টসাধ্য এবং সময় সাপেক্ষ।

**প্রস্তাবিত পদ্ধতি:** ওয়েবসাইটের মাধ্যমে QR Code সম্বলিত সীট সরবরাহ করা হবে। যা বোর্ডে প্রেরণের সময় প্রতিটি উত্তরপত্রের বান্ডেলে লাগানো থাকবে। নির্দিষ্ট সফটওয়্যার এর মাধ্যমে স্ক্যান করলে উত্তরপত্রের ঐ বান্ডেলে যাবতীয় তথ্য (যেমন কোন কেন্দ্রের কোন বিষয়ের কয়টি উত্তরপত্র আছে) জানা যাবে।

**সুবিধাসমূহ:**

- ম্যানুয়াল পদ্ধতিতে খাতায় তথ্য সংরক্ষণের প্রয়োজন নেই বিধায় জনবল কম লাগবে।
- অল্প সময়ের মধ্যে নির্ভুলভাবে উত্তরপত্রের পরিসংখ্যান জানা যাবে।
- উত্তরপত্র সমূহ মূল্যায়নের লক্ষ্যে বিতরণ সহজতর হবে।



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd), E-mail: [info@bmeb.gov.bd](mailto:info@bmeb.gov.bd), Fax: 58616681, 58617908, 9615576



## ইনোভেশন আইডিয়া- ৩: মামলাসমূহের ডিজিটাল ব্যবস্থাপনা

**বর্তমান অবস্থা:** বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীন মাদ্রাসা সমূহের বিভিন্ন বিষয়ে বিভিন্ন সময়ে মামলা পরিচালিত হয় এবং আদালত কর্তৃক বিভিন্ন নির্দেশনা বোর্ডকে প্রদান করা হয়। এমনকি অনেক সময় নির্ধারিত সময়ের মধ্যে বিষয় সমূহ নিষ্পত্তি/ ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেয়া হয়। বর্তমানে ম্যানুয়ালি সিদ্ধান্ত গৃহিত হয় বিধায় কখনো কখনো নির্ধারিত সময়ের মধ্যে বিষয় সমূহ নিষ্পত্তি/ ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হয়না। এতে কখনো কখনো আদালত অবমাননার মতো অপরাধ সংঘটনের ও সুযোগ থাকে।

**প্রস্তাবিত পদ্ধতি:** মামলা সংক্রান্ত যাবতীয় কাগজপত্র এবং আদালতের নির্দেশনা সমূহ স্ক্যানিং এর মাধ্যমে মামলা নাম্বার ও প্রতিষ্ঠানের EIIN নাম্বারের বিপরীতে বিষয় সমূহ নিষ্পত্তি/ ব্যবস্থা গ্রহণের নির্ধারিত তারিখ সহ ডিজিটাল ফরম্যাটে সংরক্ষণ করা হবে।

### সুবিধাসমূহ:

- নির্ধারিত সময়ের মধ্যে মামলার বিষয় সমূহ নিষ্পত্তি/ ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হবে।
- আদালত অবমাননার মতো অপরাধ সংঘটন থেকে বেচে থাকা যাবে।
- মামলা সংক্রান্ত কাগজপত্র যাচাই ও সিদ্ধান্ত গ্রহণে কম সময় লাগবে।